

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
শৃঙ্খলা শাখা

স্মারক নম্বরঃ ৫৯.০০.০০০০.১১৭.২৭.০২০.১৮-১৩

তারিখঃ ০৭/০২/২০১৯ খ্রি.

বিষয়ঃ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি-৩ এর দফা (খ) ও (গ) মোতাবেক
ব্যক্তিগত শুনানি।

সূত্রঃ (১) স্মারক নম্বরঃ ৫৯.০০.০০০০.১১৭.২৭.০২০.১৮-০৩, তারিখঃ ০৩/০১/২০১৯ খ্রি.

(২) বেগম সাবিনা পারভীন, -এর গত ১৩/০১/২০১৯ খ্রি. তারিখের পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে জানাচ্ছে যে, বেগম সাবিনা পারভীন, সহকারী পরিচালক (পরিবার পরিকল্পনা), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, মুন্সীগঞ্জ-এর বিরুদ্ধে “সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮”-এর বিধি-৩ এর দফা (খ) ও (গ) মোতাবেক যথাক্রমে ‘অসদাচরণ (Misconduct)’ ও ‘পলায়ন/বিনা অনুমতিতে চাকরি ত্যাগ করা (Desertion)’-এর দায়ে গত ০৩/০১/২০১৯ খ্রি. তারিখের ০৩ নম্বর স্মারকে রুজুকৃত বিভাগীয় মামলায় আনীত অভিযোগের বিষয়ে ব্যক্তিগত শুনানি আগামী ১২/০২/২০১৯খ্রি: তারিখ দুপুর ১২.০০ ঘটিকায় স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সচিব মহোদয় কর্তৃক তাঁর অফিস কক্ষে (কক্ষ নং-৩১১, ভবন নং-৩, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) গ্রহণ করা হবে।

২। প্রয়োজনীয় সাক্ষ্য-প্রমাণসহ নির্ধারিত তারিখ ও সময়ে শুনানিতে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(মোহাম্মদ আলী)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৬৬৭


বেগম সাবিনা পারভীন,
সহকারী পরিচালক (পরিবার পরিকল্পনা),
জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, মুন্সীগঞ্জ।

স্মারক নম্বরঃ ৫৯.০০.০০০০.১১৭.২৭.০২০.১৮- ১৩

তারিখঃ ০৭/০২/২০১৯ খ্রি.

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫
(সংশ্লিষ্ট নথি-পত্রসহ একজন উপযুক্ত কর্মকর্তাকে উল্লিখিত শুনানিতে প্রেরণের অনুরোধসহ)।
- ২। যুগ্মসচিব (নিরাপত্তা-২ অধিশাখা), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(সংশ্লিষ্ট কর্মকর্তাকে বাংলাদেশ সচিবালয়ে প্রবেশের অনুমতি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৩। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,
ঢাকা [ওয়েবসাইটে প্রকাশ এবং সংশ্লিষ্ট কর্মকর্তার ই-মেইলে প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল
(savarufpo@gmail.com)]।
- ৫। উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, মুন্সীগঞ্জ।
- ৬। অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার
কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। যুগ্মসচিব (শৃঙ্খলা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা।


(মোহাম্মদ আলী)
সহকারী সচিব